# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**07-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে সরকার গঠনের প্রস্তুতির মধ্যেই আনুষ্ঠানিক ভাবে ভেঙে দেওয়া হল পশ্চিমবঙ্গ বিধানসভা।

এদিকে, রাজ্যে নতুন সরকার গঠনের তোড়জোড় শুরু হয়েছে। ৯-ই মে শপথ গ্রহণ। তার আগে বিজেপি নেতা স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্‌ আগামীকাল পরিষদীয় দলের নেতা নির্বাচন করবেন।

২) মধ্যমগ্রামে দুষ্কৃতিদের গুলিতে বিদায়ী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় সাত সদস্যের বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে রাজ্য পুলিশ। এখনও পর্যন্ত গ্রেফতার তিনজন।

চন্দ্রনাথের দেহ আজ সন্ধ্যায় চন্ডীপুরে তাঁর বাড়িতে নিয়ে যাওয়া হলে, কান্নায় ভেঙে পড়েন সকলে।

তৃণমূল কংগ্রেস, কংগ্রেস, সিপিআইএম এই ঘটনার নিন্দা করেছেন।

৩) কলকাতা হাইকোর্ট সিঙ্গুরের জমিতে কারখানা না হওয়ায় ক্ষতিপূরণ বাবদ টাটাকে ৭৬৫ কোটি টাকা মিটিয়ে দেওয়ার নির্দেশের ওপর স্থগিতাদেশ জারি করেছে।

৪) চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হচ্ছে।

৫) ঘূর্ণাবর্তের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে সরকার গঠনের প্রস্তুতির মধ্যেই আনুষ্ঠানিক ভাবে ভেঙে দেওয়া হল পশ্চিমবঙ্গ বিধানসভা। সংবিধানের ১৭৪ অনুচ্ছেদের ক্ষমতাবলে পূর্ববর্তী বিধানসভা ভেঙে দেওয়ার নির্দেশ জারি করেছেন রাজ্যপাল আর এন রবি। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যপালের নির্দেশ অনুযায়ী আজ থেকে পশ্চিমবঙ্গ বিধানসভা বিলুপ্ত বলে গণ্য হবে।

বিধানসভা নির্বাচন মিটতেই রাজ্যে সরকার গঠনের তোড়জোড় শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা অন্যতম বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ্ আগামীকাল রাজ্যে আসছেন। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী ৯ তারিখ শপথ নেবেন নতুন সরকার। একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে শপথগ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করছে পুলিশ। প্রায় ৪ হাজার পুলিশ কর্মী ওই দিন মোতায়েন থাকবে। থাকবে কেন্দ্রীয় বাহিনী এবং কুইক রেসপন্স টিম । এলাকার বিভিন্ন বহুতল থেকেও নজরদারি চালানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় "নতুন সরকারের কাছে সাধারণ মানুষের প্রত্যাশা"। আগামী ৯ই মে শপথ গ্রহণ অনুষ্ঠান। নতুন সরকার গঠনের আগে সাধারণ মানুষ কি চাইছে তা জানতে চেষ্টা করেছে আমাদের প্রতিনিধিরা।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন এই স্থানীয় সংবাদের পরেই আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে দুমাস ধরে জারি থাকা নির্বাচনী আদর্শ আচরণবিধি প্রত্যাহার করে নেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের তরফে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গ-সহ পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচন এবং বিভিন্ন রাজ্যের উপনির্বাচনের ফল ঘোষণা সম্পূর্ণ হওয়ায় অবিলম্বে আদর্শ আচরণবিধি প্রত্যাহার করা হচ্ছে। তবে পশ্চিমবঙ্গের ফলতা বিধানসভা কেন্দ্রের ১৪৪ নম্বর আসনে পুনর্ভোটের নির্দেশ থাকায় সেখানে আপাতত আচরণবিধি বহাল থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের প্রক্রিয়া শেষ হতেই রাজ্যে নিযুক্ত দুই বিশেষ পর্যবেক্ষককে দায়িত্বমুক্ত করল নির্বাচন কমিশন। কমিশনের তরফে জারি করা পৃথক নির্দেশিকায় জানানো হয়েছে, অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার এন কে মিশ্র এবং অবসরপ্রাপ্ত আইএএস অফিসার সুব্রত গুপ্তকে তাঁদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

নির্বাচন কমিশনের আন্ডার সেক্রেটারি এম এল মীনার সই করা নির্দেশিকায় বলা হয়েছে, পশ্চিমবঙ্গে নির্বাচনী প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ায় বিশেষ পর্যবেক্ষকদের দায়িত্বের আর প্রয়োজন নেই। সেই কারণেই তাঁদের অব্যাহতি দেওয়া হচ্ছে।

কমিশনের নির্দেশিকা অনুযায়ী, এন কে মিশ্রকে চলতি বছরের ১৩ ফেব্রুয়ারি বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসাবে নিয়োগ করা হয়েছিল। অন্যদিকে সুব্রত গুপ্তকে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী সংক্রান্ত পর্যবেক্ষক হিসাবে দায়িত্ব দেওয়া হয়েছিল গত বছরের ২৮ নভেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে দুষ্কৃতিদের গুলিতে বিদায়ী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথের খুনের ঘটনায় সাত সদস্যের বিশেষ তদন্তকারী দল সিট গঠন করেছে রাজ্য পুলিশ। আই জি, সিআইডি-র তত্বাবধানে তারা কাজ করবে। সিটের অন্য সদস্যদের মধ্যে আছে সি আই ডি, এস টি এফ ও রাজ্য পুলিশের আই বি-র আধিকারিকরা।

এদিকে, এই খুনের ঘটনায় পুলিশ  এখনও পর্যন্ত ৩ জনকে গ্রেফতার করেছে। তাদের মোবাইল ফোন ট্র্যাক করে আরও কেউ এই ঘটনায় জড়িত কিনা তাঁর খোঁজ চলেছে।

ফরেন্সিক ও সি আই ডি-র দল আজ ঘটনাস্থলে যায়। সেখান থেকে তারা বেশকিছু নমুনা সংগ্রহ করেছে।

অন্যদিকে, বারাসাত হাসপাতালে ময়না তদন্তের পর চন্দ্রনাথের দেহ সন্ধে ৬-টা নাগাদ পূর্ব মেদিনীপুরের চন্ডীপুরের কুলুক গ্রামে তার বাড়িতে নিয়ে যাওয়া হলে শোকের ছায়া নেমে আসে। কান্নায় ভেঙে পড়েন পরিবারের লোকজন। বিজেপি বিধায়ক, সাংসদ ছাড়াও অসংখ্য মানুষ পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান। আজই সেখানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে।

এই হত্যা কান্ডে শিলিগুড়ির নম্বর প্লেট লাগানো একটি গাড়ি ব্যবহার করা হয় বলে জানা গেছে। ছিল ভুয়ো নম্বর প্লেট লাগানো একটি মোটরবাইকও। গাড়ি ও বাইকে করে আসা দুষ্কৃতিরা প্রথমে চন্দ্রনাথের গাড়ির পথ আটকে দেয়। পরে খুব কাছ থেকে একাধিক রাউন্ড গুলি চালানো হয় । সিসিটিভি ফুটেজে দেখা গেছে, ৬ ঘণ্টা ধরে গাড়িটি সেখানে অপেক্ষা করছিল। ঘটনাস্থল থেকে গুলির খোলও উদ্ধার করা হয়েছে। শিলিগুড়ির যার নম্বর প্লেট লাগানো গাড়ি ব্যবহার করা হয়েছিল, উইলিয়াম যোশেপ নামে মাটিগাড়ার ওই বাসিন্দা জানিয়েছেন, সপ্তাহ দু আগে তিনি গাড়ি বিক্রির জন্য অন লাইনে বিজ্ঞাপন দিয়েছিলেন। সেই বিজ্ঞাপন থেকেই দুষ্কৃতিরা গাড়ির নম্বর সংগ্রহ করে ভুয়ো নম্বর প্লেট করে থাকতে পারে বলেও তাঁর অনুমান।

অন্যদিকে, যে বাইকটি ব্যবহার করা হয়েছিল, তার মালিকের ঠিকানা আসানসোল দক্ষিণের বার্ণপুরে। কিন্তু ওই ঠিকানায় বিভাস ভট্টাচার্য নামে কেউ থাকেন না বলে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন।

আগেই জানানো হয়েছে, গতরাতে বিধানসভায় কাজ সেরে গাড়ি করে মধ্যমগ্রামে বাড়ি ফেরার পথে, দোহারিয়া এলাকায় দুষ্কৃতীদের গুলিতে প্রাণ হারান শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথ। তার গাড়ির চালক বুদ্ধদেব বেরা আস্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন।

oooooooooooooooooooo

বিজেপি, শুভেন্দুর আপ্ত সহায়ক খুনের ঘটনায় তৃণমূল কংগ্রেসকেই দায়ী করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, চন্দ্রনাথ রথ একজন অরাজনৈতিক ব্যক্তি ছিলেন। কিন্তু তাঁকেও রাজনৈতিক হিংসার বলি হতে হল।

( বাইট- শমীক )

অন্যদিকে, শুভেন্দু অধিকারী দাবী করেছেন, ভবানীপুরে তাঁর জয়লাভের জন্য পরিকল্পনামাফিক ঠান্ডা মাথায় চন্দ্রনাথকে খুন করা হয়েছে। তাঁর মৃত্যু জন্য দায় স্বীকার করে শুভেন্দু বলেন, তাঁর আপ্ত সহায়ক পদে থাকার জন্যই চন্দ্রনাথকে প্রাণ দিতে হলো।

( বাইট- শুভেন্দু/ মধ্যমগ্রাম )

সাংবাদিকদের তিনি বলেন, পুলিশের তদন্তের ওপর আস্থা রাখছেন তারা। এই পরিস্থিতিতে শান্ত থাকতে এবং আইন নিজেদের হাতে তুলে না নেবার জন্য দলীয় কর্মী ও সমর্থকদের প্রতি আবেদন জানান তিনি।

তৃণমূল কংগ্রেস, ঘটনার তীব্র নিন্দা করেছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে আদালতের নজরদারিতে CBI তদন্তে দাবী জানিয়েছে তারা।

এদিকে, এই খুনের ঘটনায় প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার রাজ্যপাল আর এন রবিকে চিঠি দিয়েছেন। সংগঠিত ও পরিকল্পিতভাবে চন্দ্রনাথকে খুন করা হয়েছে বলে চিঠিতে উল্লেখ করে শুভঙ্করবাবু ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানিয়েছেন।

দলের নেতা অধীররঞ্জন চৌধুরী এই ঘটনায় রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভেঙে পড়াই প্রতিফলিত হয়েছে বলে মন্তব্য করেছেন। এই খুনের রাজনীতি বন্ধ ও রাজ্যকে সন্ত্রাসমুক্ত করার দাবি জানান তিনি।

(বাইট – অধীর)

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম, ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবী জানিয়ে বলেছেন, অশান্তি রুখতে পুলিশ প্রশাসনের কড়া পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

দলের নেতা সুজন চক্রবর্তীও এই খুনের ঘটনার তীব্র নিন্দা করেছেন।

(বাইট – সুজন)

অন্যদিকে, আই এস এফ বিধায়ক নওসাদ সিদ্দিকি বলেছেন, এই হিংসা নিয়ন্ত্রণ করতে হবে, নাহলে তিনি তাঁর শংসাপত্র ছিঁড়ে ফেলে দেবেন।

(বাইট – সিদ্দিকি)

oooooooooooooooooooo

সিঙ্গুরের জমিতে কারখানা না হওয়ায়, ক্ষতিপূরণ বাবদ টাটাদের ৭৬৫ কোটি টাকার’ও বেশী মিটিয়ে দেওয়ার নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছে, কলকাতা হাইকোর্ট। আট সপ্তাহের জন্য এই নির্দেশ দিয়েছেন বিচারপতি অনিরুদ্ধ রায়। যদিও এই সময়ের মধ্যে রাজ্যকে ব্যাঙ্ক গ্যারান্টি জমা দিতে হবে।

উল্লেখ্য, ২০২৩ সালের অক্টোবরে তিন প্রাক্তন বিচারপতির সালিশি কমিটি, সিঙ্গুরে কারখানা গড়তে না পারার জন্য রাজ্য সরকারকে ৭৬৫ দশমিক ৭/৮

কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ টাটাদের মিটিয়ে দেওয়ার নির্দেশ দেয়। এর বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস সরকার হাইকোর্টে আবেদন জানায়। দীর্ঘদিন শুনানি চলার পর হাইকোর্ট রায়দান স্থগিত রেখেছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হতে চলেছে । সকাল সাড়ে ন'টায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়।

পর্ষদের তরফে জানানো হয়েছে, দশটা পনেরো থেকে ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পারবে পরীক্ষার্থীরা। যেসব ওয়েবসাইটে রেজাল্ট দেখা যাবে সেগুলি হল - www.wbbsedata.com, www.wbbse.wb.gov.in, www.iResults.in, www.indiaresults.com, www.resukts.sikhsha, results.exambangla.com ওয়েবসাইটগুলিতে। এছাড়াও গুগল প্লে স্টোর থেকে "আই রেজাল্টস", "মাধ্যমিক রেজাল্ট" এবং "এডুটিপস অ্যাপ" ডাউনলোড করেও ফলাফল দেখতে পারবে ছাত্রছাত্রীরা।

উল্লেখ্য, এবার পরীক্ষা শেষ হওয়ার ৮৪ দিনের মাথায় প্রকাশিত হতে চলেছে মাধ্যমিকের ফল।

এবছর ২ ফেব্রুয়ারি থেকে ১২ ই ফেব্রুয়ারি পর্যন্ত মাধ্যমিক পরীক্ষা চলে। ৯ লক্ষ ৭১ হাজারের বেশি পড়ুয়া , এবার পরীক্ষা দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

তবে উত্তরবঙ্গে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে। মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরের কিছু অংশে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড় বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, হুগলী এবং হাওড়ায় ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার পূর্বাভাষ রয়েছে।

এদিকে, কলকাতার বিভিন্ন অংশে আজ দুপুরের পর থেকে বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টিতে স্বাভাবিক জনজীবন ব্যাহত হয়। অনেক জায়গায় রাস্তায় জল জমে যায়। ভেঙে পড়ে গাছ। মেট্রোরেলের মহানায়ক উত্তমকুমার ও নেতাজী স্টেশনের মাঝখানে ডাউনলাইনে দুপুর ২-টো ৩৭ মিনিট নাগাদ গাছের ডাল ভেঙে পড়লে বেশকিছুক্ষণ পরিষেবা ব্যাহত হয়। ময়দান থেকে শহীদ ক্ষুদিরাম পর্যন্ত ট্রেন চলাচল বন্ধ থাকে। তবে, ময়দান থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত ট্রেন পরিষেবা স্বাভাবিক ছিল। বিকেলে ৩-টে ৫৩ মিনিট নাগাদ ময়দান ও ক্ষুদিরামের মধ্যে ট্রেন চলাচল স্বাভাবিক হয়।

আলিপুরে আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত ৩১ দশমিক পাঁচ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা কমেছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড হয় ৩০ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা প্রায় ৫ ডিগ্রী কম।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo